

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

বিজ্ঞপ্তি

নং পরীক্ষা/সিই-৩৯২

তারিখ : ৩০/১১/২০১৪

তদারককারী শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই পরীক্ষার্থীদেরকে এই মর্মে সতর্ক করা প্রয়োজন যে, পরীক্ষার হলে পরীক্ষার নির্দিষ্ট বিষয় সংশ্লিষ্ট কোন লেখা কাগজ রাখা কিংবা পরীক্ষার ডেস্ক, বেঞ্চ, টেবিল বা পরিধেয় বস্ত্রের মধ্যে কোন লেখা থাকা অপরাধ। কাহারও নিকট এইরূপ কোন লেখা বা কাগজ থাকলে ঐগুলি পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যেতে পারে। অঙ্কনের জন্য পেন্সিল ও কম্পাস ইত্যাদি প্রয়োজনীয় জিনিস নিজের কাছে রেখে বাকী ইন্সট্রুমেন্ট বক্স বা জ্যামিতি বাক্স পরীক্ষা কক্ষের তদারককারীদের কাছে জমা দেয়ার জন্য পরীক্ষার্থীকে নির্দেশ দেয়া যেতে পারে।

পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীর নিকট কোন লেখা পাওয়া গেলে বা অন্য কোন সূত্র হতে নকল করার চেষ্টা করলে তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

(ডঃ মোঃ আবুল কাশেম মিয়া)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

অধ্যাপক, সিএসই বিভাগ

নং পরীক্ষা/সিই-৩৯২(৬০)

তারিখ : ৩০/১১/২০১৪

অনুলিপি :

- ১। সকল ডীন, প্রঃ বিঃ, ঢাকা
- ২। সকল বিভাগীয় প্রধান, প্রঃ বিঃ, ঢাকা
- ৩। সকল তদারককারী শিক্ষক/শিক্ষিকা, প্রঃ বিঃ, ঢাকা

30.11.2014

(প্রকৌশলী মোঃ সানাউল্লাহ হাকিম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

30/11/14